Home Office

BANGLA

# পরিশিষ্ট C: ইমিগ্রেশন রিমুভাল সেন্টার (আইআরসি), আবাসিক স্বল্পমেয়াদী হোল্ডিং ফ্যাসিলিটিজ (আরএসটিএইচএফ) এবং এসকর্ট যাত্রার সময় সমস্যা সম্পর্কে কীভাবে অভিযোগ করবেন

## ভূমিকা

সংযুক্ত অভিযোগ ফর্মটি পূরণ করার আগে দয়া করে এই সহায়ক সংক্ষিপ্ত তথ্যগুলি পড়ুন।

এই ফর্মটি এসকর্ট যাত্রার সময় সহ ইমিগ্রেশন অপসারণ এস্টেটের মধ্যে অভিযোগের জন্য। বৃহত্তর হোম অফিস অভিযোগ পরিচালনার পদ্ধতিগুলি ব্যাখ্যা করে এরূপ পৃথক নির্দেশিকা (যেমনঃ ইউকে ভিসা এবং ইমিগ্রেশন, ইমিগ্রেশন এনফোর্সমেন্ট, বর্ডার ফোর্স) এখানে পাওয়া যাবে: https://www.gov.uk/government/publications/complaints-management-guidance-version-7

এই সংক্ষিপ্ত তথ্য এবং অভিযোগ ফর্মটি আপনাকে সাহায্য করার জন্য বিভিন্ন ভাষায় পাওয়া যায়, তবে যদি আপনার অভিযোগটি ইংরেজী ছাড়া অন্য কোনও ভাষায় লেখা হয় তবে এটি অনুবাদ করতে হবে। এর ফলে আপনাকে উত্তর দিতে আমাদের আরও বেশি সময় লাগতে পারে।

আপনার অভিযোগ তদন্ত করার জন্য, আপনার সাক্ষাৎকার নেওয়ার প্রয়োজন হতে পারে। আপনি যদি এই সম্পর্কে উদ্বিগ্ন হন তবে দয়া করে কর্মীদের কোন একজনের সাথে কথা বলুন। আপনি যদি কোনও তদন্তে সহায়তা বা সহযোগিতা না করেন তবে আপনার অভিযোগ বিবেচনা করা সম্ভব নাও হতে পারে।

অভিযোগ করলে তা আটক থাকাকালীন আপনার চিকিৎসাকে প্রভাবিত করবে না, আপনার অভিবাসন মর্যাদা (ইমিগ্রেশন স্ট্যাটাস) সম্পর্কিত কোনও সিদ্ধান্তকে নেতিবাচকভাবে প্রভাবিত করবে না বা এটি আপনাকে প্রবেশের অনুমতি দেওয়ার বা ইউনাইটেড কিংডম থেকে অপসারণের কোনও সিদ্ধান্তকে বিলম্বিত করবে না।

## কখন অভিযোগ করতে হবে

একটা ঘটনা ঘটার সাথে সাথেই। এটি আপনার উদ্বেগগুলির বিষয়ে প্রাথমিক পর্যায়ে বিবেচনার গতি বাড়িয়ে তুলতে সহায়তা করবে।

প্রথমে স্থানীয় কর্মীদের সাথে কথা বলে দেখুন যে বিষয়টি দ্রুত এবং স্থানীয়ভাবে সমাধান করা যায় কিনা। আপনার অভিযোগের একটি রেকর্ড তারপরও লগ তথা লিপিবদ্ধ করা হবে। কিন্তু আপনি যদি কোনও আনুষ্ঠানিক অভিযোগ করতে চান তবে দয়া করে সংযুক্ত অভিযোগ ফর্মটি (পৃষ্ঠা 3 এবং 4) ব্যবহার করুন।

ঘটনা ঘটার তিন মাসের মধ্যে আপনাকে অভিযোগ করতে হবে, ব্যতিক্রমী পরিস্থিতি না থাকলে এই সময়ের পরে প্রাপ্ত অভিযোগ গ্রহণ করা নাও হতে পারে।

## এই ফর্মটি কখন ব্যবহার করবেন

ইমিগ্রেশন ফ্যাসিলিটিজ তথা বন্দোবস্তগুলিতে অথবা এসকর্ট যাত্রার সময় সার্ভিস প্রদান/প্রাপ্যতা, আপনার চিকিৎসা, কর্মীদের সমস্যা ইত্যাদি সম্পর্কে অভিযোগ এই ফর্মটি ব্যবহার করে করা উচিত।

কোন অভিযোগ যেটি অপরাধমূলক আচরণের অভিযোগ করে তা পুলিশের কাছে প্রেরণ করা হবে। আপনি যদি নিজে পুলিশের সাথে কথা বলতে চান তবে এটা আপনার পছন্দ এবং স্থানীয় কর্মীরা আপনাকে এটি করতে সহায়তা করতে পারবেন। আপনি যদি নিজে পুলিশের কাছে যেতে চান তবে আপনাকে ঘটনাটি যেখানে ঘটেছে সেই ভৌগলিক অবস্থানের জন্য দায়ী পুলিশ বাহিনীর সাথে যোগাযোগ করতে হবে। ইন্ডিপেন্ডেন্ট অফিস ফর পুলিশ কন্ডাক্ট (আইওপিসি) ওয়েবসাইট কিভাবে অভিযোগগুলি করা হয় এবং বিবেচনা করা হয় সে সম্পর্কে দরকারী তথ্য প্রদান করে:

www.policeconduct.gov.uk/complaints/submit-a-complaint

## অভিযোগ দাখিল করা

অভিযোগ করার সময় কি ঘটেছে সে সম্পর্কে যতটা সম্ভব তথ্য প্রদান করুন। এর মধ্যে তারিখ / সময়, অবস্থান, উপস্থিত ব্যক্তিদের নাম ইত্যাদি অন্তর্ভুক্ত করা উচিত, যেখানে জানা যায়। আরও তথ্যের প্রয়োজন হলে আপনার সাথে যোগাযোগ করা হবে।

আপনি ফর্মটি পূরণ করার পর, আপনার অবগতির জন্য পৃষ্ঠা 1 এবং 2 আপনার নিজের কাছে রেখে, দয়া করে 3 এবং 4 পৃষ্ঠায় স্বাক্ষর করুন এবং তারিখ দিন এবং ফর্মটি হলুদ রঙের 'ইমিগ্রেশন এনফোর্সমেন্ট কমপ্লেইনস' বাক্সগুলির একটিতে পোস্ট করুন।

এই বাক্সগুলি সকল আইআরসি, এসটিএইচএফ এবং হোল্ডিং রুমগুলিতে অবস্থিত এবং প্রতিদিন চেক করা হয়। এসকর্ট যাত্রার সময় পূরণ করা ফর্মগুলি কর্মীদের কোন একজনের কাছে হস্তান্তর করা উচিত যিনি সেগুলি হোম অফিসে পাঠাবেন।

এই ইমেইলে আপনি সরাসরি ফর্মটি পাঠাতে পারেন: DetentionServicesComplaints@homeoffice.gov.uk

## এরপর কী হবে?

**কৃত অভিযোগ**
হলুদ পোস্ট বক্সটি ব্যবহার করুন

**স্বীকৃতি**
তদন্তকারী কর্তৃপক্ষ 2 দিনের মধ্যে প্রাপ্তি স্বীকার করবে

তদন্ত

**চূড়ান্ত জবাব**
লক্ষ্যঃ 20 কর্ম দিবসের মধ্যে পূর্ণাঙ্গ জবাব




আপনি যদি তদন্তের ফলাফল নিয়ে অসন্তুষ্ট থাকেন, তাহলে অভিযোগের ফলাফলের তিন মাসের মধ্যে আপনার অভিযোগটি স্বাধীন পরীক্ষকের (আইইসি) কাছে পাঠানোর বিকল্প রয়েছে; চূড়ান্ত জবাব পত্রে সম্পূর্ণ বিবরণ প্রদান করা হবে।

বিকল্পভাবে, যদি আপনি প্রদত্ত জবাবগুলিতে সন্তুষ্ট না হন বা বিষয়টি গুরুতর অসদাচরণের সাথে সম্পর্কিত হয় তবে আপনার অভিযোগটি কারাগার এবং প্রবেশন ওম্বাড্সম্যান (পিপিও) এর কাছে রেফার করার অধিকার রয়েছে, যারা হোম অফিস থেকে স্বাধীন। চূড়ান্ত জবাব সহ আপনাকে পিপিও লিফলেট 'কীভাবে ওম্বাড্সম্যানের কাছে অভিযোগ করবেন' এর একটি কপি সরবরাহ করা হবে।

আইইসি বা পিপিও উভয়ই আপনার ইমিগ্রেশন স্ট্যাটাস, আপনাকে আটক করার সিদ্ধান্ত বা আপনাকে ইউনাইটেড কিংডম থেকে অপসারণের কোনও সিদ্ধান্ত সম্পর্কিত বিষয়গুলি তদন্ত করতে পারেন না। চূড়ান্ত জবাব পত্র জারি হওয়ার পরেই তারা সাধারণত তদন্ত এগিয়ে নেবেন।

**তথ্যের জন্য এই ফর্মের 1 ও 2 পৃষ্ঠা নিজের কাছে রাখুন এবং**

**অভিযোগ বাক্সে 3 ও 4 পৃষ্ঠা পোস্ট করুন**

| পারিবারিক নাম / সারনেইম: | প্রথম নাম(গুলি): |
|---|---|
| জন্ম তারিখ ( দিন / মাস / বছর ): | জাতীয়তা: |
| কমপ্লায়েন্স এবং এনফোর্সমেন্ট পার্সন রেফারেন্স (সিইপিআর): | হোম অফিসের রেফারেন্স নম্বর: |

**যোগাযোগের বিবরণ:** যদি আপনি কোন সাড়া পাওয়ার আগেই আটক স্থান ছেড়ে চলে যান, দয়া করে একটি টেলিফোন নম্বর এবং একটি ইমেইল ঠিকানা প্রদান করুন, যাতে আপনার সাথে যোগাযোগ করা যেতে পারে:

| টেলিফোন নম্বর: | ইমেইল: |
|---|---|

**বর্তমান অবস্থান (আইআরসি, এসটিএইচএফ বা অন্য নাম)**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| Brook House IRC | ☐ | Campsfield IRC | ☐ | Colnbrook IRC | ☐ | Derwentside IRC | ☐ |
| Dungavel House IRC | ☐ | Harmondsworth IRC | ☐ | Haslar IRC | ☐ | Tinsley Hse IRC | ☐ |
| Yarl's Wood IRC | ☐ | Larne House STHF | ☐ | Manchester STHF | ☐ | Swinderby STHF | ☐ |
| এসকর্টকালীন সময়ে | ☐ | হোল্ডিং রুম | ☐ | | | | |

**ঘটনাটি যেখানে ঘটেছে যেখানে আপনি অভিযোগ করছেন**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| Brook House IRC | ☐ | Campsfield IRC | ☐ | Colnbrook IRC | ☐ | Derwentside IRC | ☐ |
| Dungavel House IRC | ☐ | Harmondsworth IRC | ☐ | Haslar IRC | ☐ | Tinsley Hse IRC | ☐ |
| Yarl's Wood IRC | ☐ | Larne House STHF | ☐ | Manchester STHF | ☐ | Swinderby STHF | ☐ |
| এসকর্টকালীন সময়ে | ☐ | হোল্ডিং রুম | ☐ | | | | |

| | হ্যাঁ | না |
|---|---|---|
| স্বতন্ত্র পর্যবেক্ষণ বোর্ড (আইএমবি) হোম অফিস থেকে স্বাধীন। আটক ব্যক্তিদের যে পরিস্থিতিতে রাখা হয়, তাদের কল্যাণ এবং ডিটেনশন এস্টেট যেভাবে পরিচালিত হয় তা পর্যবেক্ষণের জন্য সদস্যরা দায়বদ্ধ। আপনি কি এই অভিযোগ ফর্মটি আইএমবির সাথে ভাগ করে নেওয়ার জন্য সম্মতি দেন? | | |
| এটা কি স্বাস্থ্য সেবা (হেলথ সার্ভিস) বা তাদের স্টাফ সম্পর্কিত অভিযোগ? | | |
| যদি আপনার অভিযোগটি এমন কোনও ঘটনা সম্পর্কে হয় যেখানে আপনি আহত হয়েছেন, তবে হোম অফিসের পেশাদার স্ট্যান্ডার্ড ইউনিটের তদন্তকারী এবং সহকারী তদন্তকারী অফিসার সহ তদন্তকারী কর্মীরা আপনার মেডিকেল রেকর্ড পরীক্ষা করতে চাইতে পারেন। আপনি কি এই উদ্দেশ্যে আপনার মেডিকেল রেকর্ডগুলি ভাগ করে নেওয়ার অনুমতি দেন? | | |
| আপনার অভিযোগ কি সেন্টার, এসকর্টিং বা হোম অফিসের কর্মীদের আচরণ সম্পর্কে? | | |

| আপনার অভিযোগের তদন্তে সহায়তা করার জন্য দয়া করে যতটা সম্ভব তথ্য সরবরাহ করুন। এর মধ্যে জড়িত পক্ষগুলির নাম, সময়, বিশদ ঠিকানা ইত্যাদির মতো জিনিস অন্তর্ভুক্ত থাকতে পারে। | |
|---|---|
| ঘটনার তারিখ ( দিন /মাস /বছর ): | |
| আপনার অভিযোগের বিস্তারিত: | |
| স্বাক্ষর: | অভিযোগ উত্থাপনের তারিখ: |

**দয়া করে এখন আপনার পূরণ করা ফর্মের 3 ও 4 পৃষ্ঠাগুলি**
**হলুদ রঙের হোম অফিস ইমিগ্রেশন এনফোর্সমেন্ট অভিযোগ বাক্সে পোস্ট করুন**